



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০২.২৩-৫৪৪

তারিখ: ১৬ বৈশাখ ১৪৩১
২৯ এপ্রিল ২০২৪

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব আব্দুল কাদের সেখ, পিতা-মৃতঃ উমর আলী সেখ, গ্রাম: চর গাঁওকুড়া, ওয়ার্ড নং-০৬, ইসলামপুর পৌরসভা, ডাকঘর: পলবান্ধা, উপজেলা: ইসলামপুর, জেলা: জামালপুর, ইসলামপুর পৌরসভার মেয়র এর দায়িত্ব পালন করছেন; এবং

যেহেতু, তাঁর বিরুদ্ধে উক্ত পৌরসভার ১১ (এগারো) জন কাউন্সিলর কর্তৃক আনীত স্বেচ্ছাচারী আচরণ, সরকারি গুদামের মালামাল লুট, আত্মসাৎ এবং দুর্নীতির অভিযোগ তদন্তে প্রমাণিত হয়েছে;

যেহেতু, তাঁর বিরুদ্ধে বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তে প্রমাণিত হওয়ায় স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩২ (১) (খ)(ঘ) এবং (২) অনুযায়ী তাকে মেয়র এর পদ হতে অপসারণের কার্যক্রম শুরু করা হয়েছে; এবং


যেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১(১) অনুযায়ী কোন পৌরসভার মেয়র এর বিরুদ্ধে অপসারণের কার্যক্রম শুরু করা হলে অথবা ফৌজদারী মামলায় অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হলে, সেক্ষেত্রে নির্ধারিত কর্তৃপক্ষের বিবেচনায় মেয়র কর্তৃক ক্ষমতা প্রয়োগ পৌরসভার স্বার্থের পরিপন্থী অথবা প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন না হলে, সরকার কর্তৃক লিখিত আদেশের মাধ্যমে মেয়র অথবা কাউন্সিলরকে সাময়িকভাবে বরখাস্ত করতে পারবে মর্মে বিধান রয়েছে; এবং

যেহেতু, তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তে প্রমাণিত হওয়ায় 'পৌরসভা বা রাষ্ট্রের হানিকর কার্যকলাপে জড়িত থাকা' এবং অসদাচরণ বা ক্ষমতার অপব্যবহারের দায়ে দোষী সাব্যস্ত হওয়ার দায়ে তাকে মেয়র এর পদ হতে অপসারণের কার্যক্রম শুরু করায়, তাঁর কর্তৃক ইসলামপুর পৌরসভার মেয়র এর ক্ষমতা প্রয়োগ করা প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে,

সেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১(১) অনুযায়ী জনাব আব্দুল কাদের সেখ, পিতা-মৃতঃ উমর আলী সেখ, গ্রাম: চর গাঁওকুড়া, ওয়ার্ড নং-০৬, ইসলামপুর পৌরসভা, ডাকঘর: পলবান্ধা, উপজেলা: ইসলামপুর, জেলা: জামালপুর -কে ইসলামপুর পৌরসভার মেয়র এর পদ হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


২৯/০৪/২০২৪

মোঃ আব্দুর রহমান
উপসচিব

ফোন: +৮৮০২৯৫১৪১৪২


ইমেইল: lgpaura1@lgd.gov.bd

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০২.২৩-৫৪৪/১(১০)

তারিখ: ১৬ বৈশাখ ১৪৩১
২৯ এপ্রিল ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১. অতিসচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ
৩. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. জেলা প্রশাসক, জামালপুর
৬. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
৭. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. প্যানেল মেয়র-১, ইসলামপুর পৌরসভা, জামালপুর
৯. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
১০. জনাব আব্দুল কাদের সেখ, পিতা-মৃতঃ উমর আলী সেখ, গ্রাম: চর গাঁওকুড়া, ওয়ার্ড নং-০৬, ইসলামপুর পৌরসভা, ডাকঘর: পলবান্ধা উপজেলা: ইসলামপুর, জেলা: জামালপুর (সাময়িক বরখাস্তকৃত মেয়র, ইসলামপুর পৌরসভা)


২৯/০৪/২০২৪

মোঃ আব্দুর রহমান
উপসচিব